# তথ্য কমিশন বাংলাদেশ

এফ-১৭/ডি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.Infocom.gov.bd

স্মারক নং-১৫.৫১.০০০০.৫০১.১৫.০০২(০৪).১৮-১৬৮৮

তারিখঃ ১১ পৌষ ১৪৩১ / ২৬ ডিসেম্বর ২০২৪

## নিয়োগ বিজ্ঞপ্তি

তথ্য কমিশন বাংলাদেশ এর রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদের বিপরীতে সরাসরি নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে Online-এ নির্ধারিত ফর্মে (**http://icb.teletalk.com.bd** ওয়েবসাইটে) নিম্নলিখিত শর্তে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। Online ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।

| ক্র: নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | বয়স | প্রার্থীর শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১. | গাড়িচালক<br>গ্রেড-১৬<br>বেতন স্কেল (টাঃ ৯৩০০-২২৪৯০/-) | ০১ টি | ১৮- ৩২ বছর | গাড়ী চালনায় বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ কমপক্ষে ৮ম শ্রেণী পাস, তবে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণদের অগ্রাধিকার দেওয়া যাইবে। |
| ০২. | অফিস সহায়ক<br>গ্রেড-২০<br>বেতন স্কেল (টাঃ ৮২৫০-২০০১০/-) | ১২ টি | ১৮- ৩২ বছর | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমানের পাশ |
| ০৩. | পিয়ন<br>গ্রেড-২০<br>বেতন স্কেল (টাঃ ৮২৫০-২০০১০/-) | ০১ টি | ১৮- ৩২ বছর | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমানের পাশ |

**শর্তাবলীঃ**

০১। তথ্য কমিশন বাংলাদেশ এর রাজস্ব বাজেটে কর্মচারী নিয়োগ পরীক্ষা ২০২৫-এর বিজ্ঞপ্তি, Online-এ আবেদনপত্র পূরণের নিয়মাবলী, SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলী ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি ওয়েবসাইট http:// www.infocom.gov.bd এ পাওয়া যাবে।

০২। পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি **http://icb.teletalk.com.bd** এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। প্রার্থীগণ যে কোন একটি পদে আবেদন করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০১/০১/২০২৫ তারিখ সকাল ১০.০০ টা।

ii Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২২/০১/২০২৫ তারিখ বিকাল ৫.০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

০৩। আবেদনকারী প্রার্থীদের ০১/০১/২০২৫ তারিখে বয়সসীমা ১৮ - ৩২ বছর

০৪। বিভাগীয়/চাকুরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে Online-এ আবেদন করতে হবে। তাদের মৌখিক পরীক্ষার সময় প্রত্যয়নপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

০৫। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি ও কোটা নীতি অনুসরণ করা হবে।

০৬। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৭। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত, বিজ্ঞপ্তিতে পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত এক বা একাধিক পদের নিয়োগ কার্যক্রম বাতিল, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন, সময় পরিবর্তন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৮। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে

০৯। ব্যবহারিক/মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত ডকুমেন্ট/কাগজপত্র সঙ্গে আনতে হবেঃ

(ক) প্রার্থীদের Applicant's Copy এবং লিখিত পরীক্ষার প্রবেশপত্রের মূলকপি;

(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের মূলকপি, ড্রাইভিং লাইসেন্স এর মূল কপি (ক্রমিক ০১ এ বর্ণিত গাড়িচালক পদের ক্ষেত্রে প্রযোজ্য), কোটার স্বপক্ষে প্রমাণাদির (প্রযোজ্য ক্ষেত্রে) মূলকপি, সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের মূলকপি, বিভাগীয়/চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করার প্রত্যয়নপত্রের মূলকপি;

(গ) সাম্প্রতিক তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (সত্যায়িত) এবং (ক) ও (খ) এ বর্ণিত সকল সনদ/কাগজপত্রাদির ০১ সেট ফটোকপি ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

(ঘ) আবেদনকারী মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান হলে তার স্বপক্ষে আবেদনকারীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সংশ্লিষ্ট সনদপত্রের সত্যায়িত কপি/ সরকারি গেজেটের সত্যায়িত কপি ও পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক মুক্তিযোদ্ধার সাথে তার সম্পর্কের বিষয়টি উল্লেখপূর্বক প্রদত্ত সনদের সত্যায়িত কপি;

(ঙ) শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের সর্বশেষ সরকারি নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

(চ) সকল চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্রের মূলকপি জমা দিতে হবে। এক্ষেত্রে কোনো অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

Scanned with CamScanner

১০। **আবেদনপত্র পুরণ সংক্রান্ত শর্তাবলিঃ**

ক. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৮০ pixel) ও সদ্যতোলা রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

খ. Online আবেদনপত্রে পুরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পুর্বেই পুরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

গ. প্রার্থী Online-এ পুরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঘ. **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পুরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা/ঘোলা ) বা ছবি/ স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/ পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ক্রমিক ০১ এ বর্ণিত গাড়িচালক পদের জন্য ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ জনপ্রতি ২০০/- টাকা এবং টেলিটক এর সার্ভিস চার্জ ২৩/- টাকা সহ (অফেরতযোগ্য) মোট ২২৩/- টাকা (দুইশত তেইশ) টাকা এবং ক্রমিক ০২ ও ০৩ এ বর্ণিত অফিস সহায়ক ও পিয়ন পদের জন্য পরীক্ষার ফি বাবদ জনপ্রতি ১০০/- টাকা এবং টেলিটক এর সার্ভিস চার্জ ১২/- টাকা সহ (অফেরতযোগ্য) মোট ১১২/- টাকা (একশত বারো) টাকা [অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন] এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, '<u>Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।</u>'

**প্রথম SMS:** ICB <space> **User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে

Example: ICB **ABCDEF & send to** 16222

Reply: Applicant's Name, Tk 223 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type ICB <space>Yes<space>PIN and send to 16222

**দ্বিতীয় SMS:** ICB <space>**Yes**<space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে

Example: ICB **Yes XXXXXX**

Reply: Congratulations, Applicant's Name, Payment Completed successfully for ICB Application for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxx)

ঙ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://icb.teletalk.com.bd** ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS- এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

চ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও পরীক্ষার কেন্দ্রের স্থান ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

ছ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে:

ICB<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222.

Example: ICB Help User ABCDEF & send to 16222

ii PIN Number জানা থাকলে:

ICB<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & send to 16222

Example: ICB Help PIN 12345678 & send to 16222.

১১। **প্রার্থীর যোগ্যতা যাচাই:**

ক. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে প্রার্থীতা বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। মৌখিক পরীক্ষার সময় সকল প্রকার সনদের মূল কপি প্রদর্শন করতে হবে। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীর প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে এবং প্রার্থীকে আইনানুগ শাস্তি ভোগ করতে হবে।

খ. যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক চাকুরি হতে বরখাস্ত হয়ে থাকেন এবং উক্তরূপ বরখাস্তের পর দুই বছর অতিক্রান্ত না হলে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

Scanned with CamScanner

১২। **পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্র:** পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্র পরবর্তীতে SMS এর মাধ্যমে জানানো হবে।

১৩। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত দৈনিক পত্রিকা ছাড়াও তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ওয়েব সাইট www.moi.gov.bd , তথ্য কমিশন বাংলাদেশ এর ওয়েবসাইট www.infocom.gov.bd এবং http://icb.teletalk.com.bd অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য www.infocom.gov.bd. এ পাওয়া যাবে।

১৪। Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নাম্বার থেকে **121** অথবা যে-কোনো অপারেটর থেকে **01500-121121** নাম্বারে কল করা যাবে। এছাড়া alljobs.query@teletalk.com.bd ই-মেইল এ যোগাযোগ করা যাবে। (মেইল এর Subject এ Organization Name 'ICB', Post Name*****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।) নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৫। **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইনে আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

**** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পুরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেওয়া যাচ্ছে।**

২৬/১২/২০২৪

**সচিব**
**তথ্য কমিশন বাংলাদেশ**
**ও**
**আহবায়ক**
**নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি**
**ফোন: ০২-৪১০২৪৬২৫**

তথ্য কমিশন বাংলাদেশ এর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

তথ্য কমিশন বাংলাদেশ এর টেলিটক পোর্টালের প্রবেশ এর QR Code

Scanned with CamScanner